**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১

********************



হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG


"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"



- স্বামী বিবেকানন্দ


ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]


HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 23 JUNE 2025, MONDAY । ২৩ জুন ২০২৫, সোমবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-311 PAGE । পৃষ্ঠা-4


## নদিয়া থেকে ২ বাংলাদেশি মহিলা গ্রেফতার




এই যুগ, নদিয়া, ২২ জুন: অবৈধভাবে সীমান্ত অতিক্রম করে ভারতে প্রবেশ। পশ্চিমবঙ্গের নদিয়া থেকে গ্রেফতার ২ জন বাংলাদেশি মহিলা। বিশেষ অভিযানে গ্রেফতার করা হয়েছে এই দুই বাংলাদেশি মহিলাকে। শুক্রবার দুপুরে নদিয়ার হাঁসখালি থানার পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার দুই বাংলাদেশি মহিলা। ধৃতদের নাম সুমি আক্তার ও রহিমা বেগম। পুলিশ সূত্রে খবর, রহিমা বেগম বাংলাদেশের রাজবাড়ি জেলার ও সুমি আক্তার কুষ্টিয়া জেলার বাসিন্দা। পুলিশের তরফে আরও জানানো হয়েছে যে, শুক্রবার রাতে ওই দুই মহিলা অবৈধভাবে সীমান্ত অতিক্রম করে ভারতে প্রবেশ করে। ভারতীয় কিছু দালালের সহযোগিতায় তাঁরা বৈধ পাসপোর্ট ও ভিসা ছাড়াই এদেশে প্রবেশ করেন বলে প্রাথমিক তদন্তে জানা গিয়েছে বলে খবর। গোপন সূত্রে খবর পেয়ে, হাঁসখালি থানার পুলিশ অভিযান চালিয়ে বগুলা স্টেশন সংলগ্ন বগুলা কালী মন্দির এলাকা থেকে এই দুই বাংলাদেশী মহিলা কে গ্রেফতার করে। পরে ধৃতদের শনিবার রানাঘাট মহকুমা আদালতে পেশ করা হয়। কেন তাঁরা এভাবে সীমান্ত পেরিয়ে প্রবেশ করলেন ভারতে, তদন্তে পুলিশ।

## ইজরায়েলে থাকা ভারতীয়দের ফেরাতে উদ্যোগ কেন্দ্রের



এই যুগ, দিল্লি, ২২ জুন: ইজরায়েল ও ইরানের মধ্যে ক্রমবর্ধমান উত্তেজনার জেরে ভারত নিজেদের নাগরিকদের সুরক্ষায় সক্রিয় পদক্ষেপ গ্রহণ করেছে। ইরানের মতই এবার ইজরায়েল থেকেও ভারতীয়দের দেশে ফিরিয়ে আনার কাজ শুরু হয়েছে। এই মুহূর্তে ইজরায়েলে ১৮ হাজারের বেশি ভারতীয় রয়েছেন। ইরানের সামরিক ও পারমাণবিক কেন্দ্রগুলিতে 'অপারেশন রাইজিং লায়ন' নামে ব্যাপক বিমান হামলা চালায় ইজরায়েল। এর জবাবে, ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (IRGC) অপারেশন ট্রু প্রমিস ৩ নামে একটি বড় আকারের ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালায়, যা ইজরায়েলের যুদ্ধবিমানের জ্বালানি উৎপাদন কেন্দ্র এবং শক্তি সরবরাহ কেন্দ্রগুলিকে লক্ষ্য করে। এই অবস্থায় ইজরায়েলে বসবাসকারী ভারতীয়দের জন্যও উদ্বেগজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

## বন্ধ হয়ে গেল আলিপুরদুয়ার জেলার আরেকটি চা বাগান



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ২২ জুন: আলিপুরদুয়ার জেলায় রবিবার সন্ধ্যায় বন্ধ হয়ে গেল আরেকটি চা বাগান। আর এর হলেই বিপাকে পড়ে গেলেন চা বাগানের শ্রমিকরা। সাসপেনশন অফ ওয়ার্ক এর নোটিশ ঝুলিয়ে বাগান ছেড়ে চলে গেলেন মালিকপক্ষ। ঘটনায় রীতিমতো চাঞ্চল্য ছড়িয়েছে শ্রমিক মহলে। আলিপুরদুয়ার জেলার বীরপাড়া থানার জয় বীরপাড়া চা বাগান বন্ধ হয়ে গেল রবিবার সন্ধ্যায়। মালিকপক্ষের অভিযোগ বেশ কিছুদিন যাবৎ চা গাছ নষ্ট করে দিচ্ছে দুষ্কৃতীরা। তাছাড়া চা বাগানের ছায়া গাছ থেকে শুরু করে জল নিকাশি পাইপ উধাও হয়ে যাচ্ছে রহস্যজনক ভাবে।

## কামাখ্যাগুড়িতে মরা নদী ও নিকাশি নালা পরিদর্শনে মেন্টর



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ২২ জুন: রবিবার কুমারগ্রাম ব্লকের কামাখ্যাগুড়ি-২ নম্বর গ্রাম পঞ্চায়েতের মরা রায়ডাক নদী ও নিকাশি নালা পরিদর্শন করলেন আলিপুরদুয়ার জেলা পরিষদের মেন্টর মৃদুল গোস্বামী। এদিন তাঁর সঙ্গে ছিলেন জেলা পরিষদের শিক্ষা, সংস্কৃতি, তথ্য ও ক্রীড়া কর্মাধ্যক্ষ গোলাপ রায় সহ অন্যরা। আলিপুরদুয়ার জেলা পরিষদের মেন্টরের দায়িত্ব নেওয়ার পর এই প্রথম মৃদুল গোস্বামী এলাকা পরিদর্শনে বের হলেন। কামাখ্যাগুড়ি বাজার থেকে ওই নিকাশি নালাটি মরা রায়ডাক নদীতে এসে মিশেছে। ওই নালার পাশে থাকা বেশ কয়েকটি বাড়ি ও দোকান বিপজ্জনক অবস্থায় রয়েছে। ওই নালার প্রোটেকশনের কাজ করার দাবি উঠেছে। এদিন সেই বিষয়টি পরিদর্শন করেন মৃদুল গোস্বামী। এছাড়াও তিনি মরা রায়ডাক নদী পরিদর্শন করেন। মরা রায়ডাক নদীতে নোংরা-আবর্জনা জমে রয়েছে। আলিপুরদুয়ার জেলা পরিষদের মেন্টর মৃদুল গোস্বামী বলেন, 'ওই নালার প্রোটেকশন ওয়ার্ক করা দরকার। এর জন্য অনেক টাকা প্রয়োজন। বিষয়টি নিয়ে সরকারি স্তরে কথা বলব। এছাড়াও মরা রায়ডাক নদী সংস্কারের বিষয়ে সেচ বিভাগের সঙ্গে কথা বলব। আমরা চেষ্টা করছি, কীভাবে এই কাজ গুলি করা যায়।'

# সর্প দংশনে মৃত্যু হল ষষ্ঠ শ্রেণির ছাত্রের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ জুন : শেষবারের মতো পাড়ার ক্ষুদে ছেলেকে দেখার জন্য উপচে পড়েছে ভিড়। মর্মান্তিক দুর্ঘটনায় স্তব্ধ হয়ে গেছে এলাকা। সর্প দংশনে মৃত্যু হল ষষ্ঠ শ্রেণির এক ছাত্রের। মর্মান্তিক ওই ঘটনাটি ঘটেছে কুমারগ্রাম ব্লকের চেংমারি গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ চেংমারির সাহেবপাড়া গ্রামে। সাহেবপাড়া জুনিয়র হাইস্কুলের ষষ্ঠ শ্রেণির ছাত্র অয়ন সরকারের অকাল মৃত্যুতে চোখের ছায়া নেমে এসেছে এলাকায়। পরিবার সূত্রে জানা গিয়েছে , শনিবার সন্ধ্যা নাগাদ ঘর থেকে বের হয়েছিল অয়ন। সে সময় একটি সাপ তাকে ছোবল দেয়। তৎক্ষণাৎ তাকে উদ্ধার করে কুমারগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আনা হয়। সেখান থেকে তাঁকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে রেফার করে দেন চিকিৎসক। জেলা হাসপাতালে নিয়ে যাওয়ার পথে অয়নের মৃত্যু হয়েছে। রবিবার আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে দেহের ময়না তদন্ত হয়েছে। ময়না তদন্তের পর বিকেল নাগাদ দেহ সাহেবপাড়া গ্রামে এসে পৌঁছয়। এই ঘটনার জেরে শোকের ছায়া নেমে এসেছে গ্রামে।

## জেলার কথা

### পুলিশের সঙ্গে লুকোচুরি খেলে ধরা পড়লো অভিযুক্ত



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,২২ জুন : এক নাবালিকাকে ধর্ষণ করে পাঁচ মাসের গর্ভবতী করে দেওয়ার অপরাধ গ্রেফতার করা হয়েছে অভিযুক্তকে। রবিবার বেলা ১১ টা নাগাদ অভিযুক্তকে কালচিনি থানা এলাকা থেকে গ্রেপ্তার করা হয়েছে। অভিযুক্তের নাম প্রেম উদয় নাগ। তার বয়স ৪৫ বছর। গত ১৩ জুন আলিপুরদুয়ার জেলা হাসপাতালে ওই নাবালিকা শারীরিক অসুস্থতার কারণে চিকিৎসার জন্য যায়। এরপর চিকিৎসক তাকে পাঁচ মাসের গর্ভবতী বলে জানিয়ে দেন। চিকিৎসকের পক্ষ থেকে বিষয়টি জানানো হয় শামুকতলা থানায়। তারপরের দিন নাবালিকার পরিবারের পক্ষ থেকে একটি অভিযোগের দায়ের হয় শামুকতলা থানার পুলিশের কাছে। অভিযোগের পরিপ্রেক্ষিতে মামলা শুরু করে পুলিশ। সুযোগ বুজে অভিযুক্ত গা ঢাকা দেয়। বেশ কয়েকদিন পুলিশের সঙ্গে লুকোচুরি খেলার পর রবিবার তাকে কাল চিনি থানা এলাকা থেকে গ্রেপ্তার করা হয়। অভিযুক্তকে আদালতে তোলা হলে বিচারক তাকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।

# চিলড্রেনস্ হার্ট ড্রয়িং স্কুলের ৭ম বার্ষিক চিত্রকলা ,ভাস্কর্য্য ও আলোকচিত্র প্রদর্শনী





এই যুগ , কলকাতা : ৬ জুন ২০২৫ এর এক বর্নাঢ্য সন্ধ্যায় চিলড্রেনস্ হার্ট ড্রয়িং স্কুলের সপ্তম বার্ষিক প্রদর্শনী তথা স্কুলের রজত জয়ন্তী বর্ষের উৎযাপন অনুষ্ঠিত হল কলকাতার গ্যালারী গোল্ড আর্টস গ্যালারীতে।স্কুলের কর্ণধার ও বিশিষ্ট চিত্রশিল্পী শ্রী বিশ্বজিৎ পালের উদ্যোগে মোট ১০৪ জন চিত্রশিল্পী , ভাস্কর ও আলোকচিত্র শিল্পীর সর্বমোট ১৪৫ টি শিল্পকর্ম প্রদর্শিত হয়।স্বনামধন্য চিত্রশিল্পী শ্রী সুব্রত গঙ্গোপাধ্যায় , বিশিষ্ট চিত্রশিল্পী ও ভাস্কর শ্রী দেবাশীষ মল্লিক চৌধুরী , বিশ্ববন্দিত তবলা বাদক ও সুরকার পন্ডিত মল্লার ঘোষ , বিশিষ্ট লেখিকা ও অভিনেত্রী শ্রীমতী মল্লিকা ঘোষ , বিশিষ্ট চক্ষু চিকিৎসক ও আলোকচিত্রী ডঃ সোমদত্ত প্রসাদ , বিশিষ্ট পালমোনোলজিষ্ট ও আলোকচিত্রী ডঃ সৌম্য দাস ও প্রখ্যাত ভাস্কর শ্রী কাশ্যপ রায় প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে এই প্রদর্শনীর শুভ উদ্বোধন করেন। প্রায় ৪০০ দর্শক সমাগমে সর্বাঙ্গীন সাফল্য পায় এই প্রদর্শনী। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমগ্র কলকাতা তথা হাওড়া এবং হুগলী জেলার শিল্পীগন ও শিল্পপ্রেমী দর্শকবৃন্দ। এই প্রদর্শনীতে শিশুশিল্পী এবং প্রাপ্তবয়স্ক সবাই একত্রিত হয়েছিলেন তাদের অসাধারণ শিল্পকর্ম নিয়ে। ডঃ সুমিত ভট্টাচার্য তার অসাধারণ সঞ্চালনায় সামগ্রিক অনুষ্ঠানকে এক অন্য মাত্রা দিয়েছেন।এই প্রদর্শনীতে উল্লেখযোগ্য শিল্পীরা হলেন কৌশিক দাস , টুটুল বেরা , ডঃ সমদর্শী দত্ত , অর্পন নন্দী , বর্নালী পাল , অঞ্জনা দাস , মান্তু নস্কর , সোমঋতা রায় , ঈপ্সিতা মজুমদার , সোনিয়া সাউ ,সৌভিক ভট্টাচার্য ,সায়ন পাল , রূপঙ্কর ভৌমিক ,ইন্দু চৌধুরী , করনিক মজুমদার ,মলয় সোম , গনেশ চক্রবর্ত্তী ,সুগত সেনগুপ্ত , রূপসা হীরা , অনুস্কা সরকার , দেবাশীষ সরকার ,অরিজিত সমাদ্দার ,সোম ঘোষ ,আয়ান্স চক্রবর্ত্তী , সঞ্জয় দে ,আর্য্য নাগ , শুভজিত মন্ডল , প্রনব নন্দী , রনজিত নস্কর , পৌলভী ঘোষ , মৈনাক বড়ুয়া ,শুভাঙ্গী মিশ্র ,অনুদ্রিতা রায় , প্রিয়াংশু সানা , ঈশী সরকার , সুদীপ্ত মন্ডল , কাবেরী মন্ডল ,জুই মিস্ত্রী ,মৌবনী সোম ,নীলার্ঘ্য পাল ,তনভী তিওয়ারী , নিখিলেশ পাল , ঋদ্দান মুখার্জী , সোনালী এ রায় , সুরজিৎ হালদার , সূদীক্ষা ব্যানার্জী , আরাত্রিকা আচার্য , রাহুল মল্লিক , জুন মান্না প্রমুখ। এই প্রদর্শনী ৮ই জুন রবিবার সম্পন্ন হয় ।

## কাগজের নৌকা

২৩ জুন ২০২৫ , সোমবার

### ইচ্ছা

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর ,পশ্চিমবঙ্গ )

জীবন যে বড় কঠিন ,
বড্ড-জ্বালায় যে জ্বলে ,
ইচ্ছা-গুলো যে তীব্র জ্বালায় ,
পাতাল- তলে ও হুল ফুটায় ,
মনটা যে আজ আগ বাড়িয়ে ,
ব্যথা গুলোকে বড্ড জাগায় ,
না পাওয়ার খাতায় এসে ,
লাটা-গুড়িতে সুতো গোটায় ।
বেড়েই চলেছে কখন যে ঘুন ,
ধরেছে শুকনা হৃদয়ের পাতায় ,
মন চাইলেই যায় না পাওয়া ,
জীবনের সমস্ত এগিয়ে যাওয়ার ,
পথ যে বড়ই ভয়ঙ্কর ,
চাঙ্গড় খসে পড়া সব ভাবনার ই দেওয়াল ,
দুর্বল যে ভিত সৃষ্টির সাধন ,
ধ্বংস সাধন ব্যর্থ হয় যে জিৎ।
জীবনের এইখানে প্রশ্নগুলোর উত্তর নেই জানা ,
জীবন যে বড় কঠিন ,
মগজে তাই তো দেয় হানা।
তীব্র গামী জীবন ইঞ্জিন ,সময় করে না ছোটে ,
ট্রেন সময় ইঞ্জিন ছুটে ,আনন্দ নুড়ি হাতরে বেড়ায় ,
যতটুকু কপালে জোটে।।

# স্কুল ছাত্রীর নিখোঁজ হওয়ার পরেও ৪ হাজার টাকা দিলেন অভিভাবক




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ জুন : শামুকতলা থানা এলাকার এক নাবালিকা স্কুল ছাত্রী নিখোঁজ হয়েছেন পুলিশের কাছে অভিযোগ দায়ের হয়েছে এমনটাই জানা গেছে রবিবার বিকেল পাঁচটা নাগাদ। গত বৃহস্পতিবার বাড়ি থেকে বের হয়েছিল বিকেল তিনটে নাগাদ টিউশনি যাবার নাম করে। এরপর শুক্রবার বেলা দশটা নাগাদ হঠাৎ একটি নাম্বার থেকে ফোন আসে ওই নাবালিকা ছাত্রী বিপদে আছে তাই ৪০০০ টাকা মোবাইলে পাঠিয়ে দেওয়ার জন্য। পরবর্তী সময়ে ৪ হাজার টাকা দেওয়ার পর সেই মোবাইল সুইচ অফ রয়েছে। এরপর থেকে তারা আর কোন হদিস পাওয়া যায়নি। পুলিশ একটি নিখোঁজের অভিযোগের দায়ের করেছে এবং ফোন নম্বরের সূত্র ধরে তার তল্লাশি শুরু হয়েছে।

# আলিপুরদুয়ারে বিলাসবহুল গাড়ি চালককে গণ ধোলাই



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার , ২২ জুন : গণধোলাই চলাকালীন বিলাসবহুল গাড়ির চালককে উদ্ধার করল পুলিশ। আলিপুরদুয়ার জেলা পুলিশ তাকে উদ্ধার করে আলিপুরদুয়ার জেলা শহরের নেতাজি রোড দূর্গাবাড়ী এলাকা থেকে রবিবার রাত সাড়ে নটা নাগাদ। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। বেপরোয়া ভাবে গাড়ি চালিয়ে দুজনকে গুরুতর জখম করে দিয়ে পালিয়ে যাওয়ার সময় গাড়ির পিছু ধাওয়া করে আলিপুরদুয়ার জেলা শহরের নেতাজি রোড দুর্গাবাড়ি এলাকায় গাড়ি চালককে ধরে ফেলে। এরপরেই শুরু হয় গণধোলাই। অভিযুক্ত গাড়ির চালককে আলিপুরদুয়ার থানার পুলিশ গ্রেপ্তার করে থানায় নিয়ে গেছে। স্থানীয় বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে কামাখ্যাগুড়ি চেকো রাজ্য সড়কের ভাটিবাড়ি চৌপথী সংলগ্ন এলাকায় দুই ব্যক্তিকে গুরুতর জখম করে পালিয়ে যায় গাড়ি চালক। ভাটি বাড়ির ফাঁড়ির পুলিশ তাদেরকে উদ্ধার করে ভাটিবাড়ী গ্রামীণ হাসপাতালে নিয়ে যায় চিকিৎসার জন্য। গুরুতর জখম ব্যক্তিদের বাড়ী তুফানগঞ্জ থানার ধলপল এলাকায়। তাদের নাম বিশ্বজিৎ দাস এবং দিপু বর্মন। দুজনকে জখম করে পালিয়ে যাওয়ার পরেই গাড়ির পিছু ধাওয়া করে ভাটিবাড়ী এলাকার কয়েকজন। তবে অভিযুক্ত চালকের নাম জানা যায়নি। আলিপুরদুয়ার পুলিশ দুর্ঘটনার তদন্ত শুরু করেছে। ঘটনায় প্রচন্ড উত্তেজনা রয়েছে এলাকায়।

# জলের তলায় ঘাটাল মহকুমার বেশিরভাগ এলাকা



এই যুগ , পশ্চিম মেদিনীপুর ,২২ জুন : বর্ষার শুরুতেই জলের তলায় ঘাটাল মহকুমার বেশিরভাগ এলাকা। চন্দ্রকোণা ১ ও ২ নম্বর ব্লকের বেশ কিছু এলাকা এখনও জলমগ্ন।এলাকায় বিদ্যুৎ নেই, সমস্যা শুরু হয়েছে পানীয় জল নিয়ে। বর্ষা শুরু হতেই পশ্চিম মেদিনীপুরের ঘাটালে সেই পুরনো ছবি দেখা গেল। টানা বৃষ্টিতে শিলাবতীর নদীর জলস্তর বেড়ে গিয়েছে , ডুবেছে ঘাটাল। চারপাশে জল আর জল। এক তলার বাড়ি থেকে দোকানপাটের বেশিরভাগটাই জলের তলায়। বাড়ি থেকে বেরোনোর একমাত্র ভরসা এখন নৌকা। ক্ষতির মুখে পড়েছেন ব্যবসায়ীরাও।

# নারারথলি বিটের জঙ্গলে মিলল যুবকের পচাগলা দেহ




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ জুন : কুমারগ্রাম ব্লকের নারারথলি বিটের জঙ্গল থেকে উদ্ধার হল এক যুবকের মৃতদেহ। ঘটনার জেরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। রবিবার দুপুরে ময়নাতদন্তের জন্য কোচবিহার এমজেএন হাসপাতালে পাঠাল কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ। মৃতের নাম বাসু সরকার , বয়স ২৯। কুমারগ্রাম ব্লকের খোয়ারডাঙা-১ নম্বর গ্রাম পঞ্চায়েতের সোনাডোবা এলাকায় বাসুর বাড়ি। গত শুক্রবার জ্বালানি কাঠ সংগ্রহের জন্য নারারথলি বিটের জঙ্গলে যায় সে। এরপর থেকে তার আর কোনও খোঁজ মিলছিল না। শনিবার স্থানীয়রা জঙ্গলের ভেতর বাসুর মৃতদেহ পড়ে থাকতে দেখেন। শনিবার রাতে কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ ও বন বিভাগের নারারথলি বিটের বনকর্মীরা জঙ্গল থেকে বাসুর মৃতদেহ উদ্ধার করে। এদিন মৃতদেহ ময়নাতদন্তের জন্য কোচবিহারে পাঠিয়েছে পুলিশ। তবে ওই যুবকের মৃত্যুর কারণ নিয়ে ধোঁয়াশার সৃষ্টি হয়েছে। পুলিশ ও বন বিভাগ জানিয়েছে , ঘটনার তদন্ত চলছে।

# প্রকাশ্য দিবালোকে সোনার দোকানে ডাকাতি শিলিগুড়িতে ,গ্রেতার দুই




নিজস্ব সংবাদদাতা , এই যুগ , শিলিগুড়ি , ২২ জুন : রবিবার প্রকাশ্য দিবালোকে শিলিগুড়িতে একটি সোনার দোকানে ডাকাতির ঘটনায় শহর জুড়ে ব্যপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। জানা গেছে এদিন দুপুরের পর এই ডাকাতির ঘটনা ঘটে শিলিগুড়ি শহরের প্রানকেন্দ্রে। সোনার দোকানের সিকিউরিটি কর্মীর কথায় ডাকাতদের ছয় সাত জনের একটি দল খদ্দের সেজে পর পর দোকানে প্রবেশ করে। দলে মহিলাও ছিলো। খদ্দের সেজে দোকানে প্রবেশ করেই তারা আগ্নেয়াস্ত্র দেখিয়ে সকল কর্মীদের এক কোনায় নিয়ে যায় ও তাদের মোবাইল কেড়ে নিয়ে সকলকে পিছ মোড়া করে বেঁধে দোকানের সমস্ত সোনা ও হিরার গহনা লুট করে নিয়ে পালায়। পালানোর সময় ডাকাতরা দোকানের কোলাপসিবল গেটে তালা মেরে রেখে যায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তালা ভেঙ্গে দোকানে প্রবেশ করে। ঘটনার পর পর শিলিগুড়ির সমস্ত থানা এলাকায় চলছে নাকা চেকিং। নাকা চেকিং এ এখন পর্যন্ত দুই দুষ্কৃতিকে গ্রেপ্তার করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে। বাকী দুষ্কৃতিদেরকেও দ্রুত পাকড়াও করা যাবে বলে আশাবাদী পুলিশ।

# লোকালয় থেকে উদ্ধার ইন্ডিয়ান রক পাইথন



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ২২ জুন : আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের উত্তর হলদিবাড়ির লক্ষীবাড়ি এলাকা থেকে রবিবার বিকালে একটি ইন্ডিয়ান রক পাইথন উদ্ধার করলেন বন কর্মীরা। জানা গেছে স্থানীয় বাসিন্দারা রক পাইথনটিকে লোকালয়ে ঘোরাফেরা করতে দেখে খবর দেন বন দপ্তরের কুমারগ্রাম রেঞ্জ অফিসে। খবর পেয়ে কুমারগ্রাম রেঞ্জের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে পাইথনটিকে উদ্ধার করে নিয়ে আসেন। বন কর্মীরা জানান পাইথনটি পাঁচ ফুট লম্বা। এটিকে গভীর জঙ্গলে ছেড়ে দেওয়া হবে।

# কোচবিহার মহা শ্মশানের বৈদ্যুতিক চুল্লীর পাইপে আগুন



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , কোচবিহার , ২২ জুন : কোচবিহার মহা শ্মশানের বৈদ্যুতিক চুল্লীর পাইপে আগুন লাগার ঘটনায় আতঙ্ক ছড়ায় এলাকায়। জানা গেছে রবিবার রাত আটটা নাগাদ মহাশ্মশানের বৈদ্যুতিক চুল্লীতে একটি মৃতদেহ দাহের কাজ চলছিলো। সেই সময় হঠাৎ করে চুল্লী বন্ধ হয়ে যায় ও চুল্লীর পাইপে আগুন দেখা দেয়। আগুনের ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েন মহাশ্মশানের আশে পাশের বাসিন্দারা। খবর দেওয়া হয় দমকল কেন্দ্রে। খবর পেয়ে দমকল কর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিভিয়ে ফেলেন। স্থানীয়দের অভিযোগ মহাশ্মশানের বৈদ্যুতিক চুল্লীর রক্ষনাবেক্ষন ঠিক ভাবে হয়না , একারনেই এই ঘটনা। তারা আরও জানান এর আগেও বৈদ্যুতিক চুল্লীর পাইপে আগুন লেগেছিলো। তাদের দাবি বৈদ্যুতিক চুল্লীর রক্ষনাবেক্ষন সঠিক ভাবে করা হোক না হলে যে কোনোদিন ভয়ঙ্কর কিছু ঘটে যেতে পারে। দমকল কর্মীদের অনুমান যান্ত্রিক গোলযোগের কারনে আগুন লাগতে পারে।






EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।